সংবাদ

তারিখ ... NOV 05 2006 ...
পৃষ্ঠা ৪ কলাম ২

২০

# জাবির সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশেষ নিরাপত্তা সেল গঠন

**প্রতিনিধি, জাবি**

তত্ত্বাবধায়ক সরকারের সময়ে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য বিশেষ নিরাপত্তা সেল গঠন করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক এনামুল হক খানকে প্রধান করে ২৫ সদস্য বিশিষ্ট এ নিরাপত্তা সেল গঠন করা হয়। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

এ নিরাপত্তা সেলে বিশ্ববিদ্যালয়ে ৪টি অনুষদের ৪ জন ডিন, ১১টি আবাসিক হলের ১১জন প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সৈয়দ কামরুল আহসান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন, ডেপুটি রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার, ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক অধ্যাপক এটিএম আতিকুর রহমান, অফিসার সমিতির সভাপতি এটিএম আবদুল হান্নান, সহকারী রেজিস্ট্রার (নিরাপত্তা) হামিদুর রহমান, কর্মচারী সমিতির সভাপতি আব্বাস আলী তালুকদার এবং কর্মচারী ইউনিয়নের সভাপতি আবদুল মান্নানকে সদস্য করা হয়েছে। প্রয়োজনে সদস্য সংখ্যা আরও বাড়ানো হতে পারে বলে জানা গেছে।

এদিকে ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা নিয়ন্ত্রণে রাখতে বিশ্ববিদ্যালয় প্রক্টর অধ্যাপক সৈয়দ কামরুল আহসান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে পর্যায়ক্রমে আলোচনা করছেন বলে জানা গেছে।